

## প্রেস বিজ্ঞপ্তি

তারিখ : ১৬ জানুয়ারি ২০২৪

### বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় এবং ফারইস্ট ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির মধ্যে সমরোতা স্মারক স্বাক্ষর

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় এবং ফারইস্ট ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির মধ্যে শিক্ষা, গবেষণা ও প্রশিক্ষণ বিষয়ে সহযোগিতামূলক পদক্ষেপ বাস্তবায়নের নিমিত্তে আজ ১৬ জানুয়ারি ২০২৪ মঙ্গলবার বাউবি উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার এর সভাপতিত্বে তাঁর গাজীপুরহু অফিস সংলগ্ন কনফারেন্স হলে সমরোতা স্মারক স্বাক্ষরের মাধ্যমে চুক্তি নিবায়ন করা হয়েছে। বাউবির পক্ষে রেজিস্ট্রার ড. মহা. শফিকুল আলম এবং ফারইস্ট ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির পক্ষে রেজিস্ট্রার মোঃ মশিউর রহমান সমরোতা স্মারকে স্বাক্ষর করেন।

অনুষ্ঠানে ফারইস্ট ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির বোর্ড অব ট্রাস্টিজ এর চেয়ারম্যান ও বাংলাদেশ প্রাইভেট বিশ্ববিদ্যালয় সমিতির সভাপতি শেখ কবির হোসেন, দুই বিশ্ববিদ্যালয়ের মধ্যে শিক্ষা ও গবেষণার ক্ষেত্রে নতুন দিগন্ত উন্মোচন এবং দেশ আরো এগিয়ে যাওয়ার আশাবাদ ব্যক্ত করেন। তিনি দেশের অর্থনৈতিক উন্নতি ও সমৃদ্ধি অর্জনে বাউবির বহিঃবাংলাদেশ শিক্ষা প্রোগ্রামের কথা গুরুত্ব দিয়ে উল্লেখ করেন।



সমরোতা স্মারক স্বাক্ষর করছেন বাউবির রেজিস্ট্রার ড. মহা. শফিকুল আলম এবং ফারইস্ট ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির রেজিস্ট্রার মোঃ মশিউর রহমান

অনুষ্ঠানের সভাপতি বাউবি উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার বলেন, এই চুক্তির মাধ্যমে একাডেমিক কোলাবরেশনে দুই বিশ্ববিদ্যালয় বিশেষ অবদান রাখবে। স্মার্ট এবং সাসটেইনেবল এডুকেশনের মাধ্যমে দেশ, শিক্ষা এবং অর্থনৈতিক সমৃদ্ধি হবে। তিনি আরো বলেন, হেলদি সোসাইটি গঠিত হলে দেশ, শিক্ষা এবং অর্থনৈতিক আরো এগিয়ে যাবে। আমাদের স্মার্ট এডুকেশন দরকার, যা হবে কর্মমূর্চী। তিনি উভয় বিশ্ববিদ্যালয়ের উদ্যোগে কারিগরি শিক্ষার উপর জোর দিয়ে প্রাক্তিক পর্যায় পর্যন্ত দক্ষ কর্মী তৈরির কথা উল্লেখ করেন। দক্ষ কর্মী তৈরি হলে বিদেশ থেকে আমাদের রেমিটেন্স বৃদ্ধি পাবে। যার মাধ্যমে দেশ আরও উন্নত ও সমৃদ্ধি হবে। তিনি গবেষণার মাধ্যমে নতুন জ্ঞান সৃষ্টি ও স্মার্ট হেলদি সোসাইটি গঠনে প্যারেন্টিং এর উপর কোর্স চালুর কথা উল্লেখ করেন, যার মাধ্যমে নতুন কর্মক্ষেত্র তৈরি হবে। বাউবি'র সকল প্রোগ্রামের পাঠ্সামগ্রী ওয়েববেজড এবং স্মার্ট করা হবে, যাতে শিক্ষার্থীরা যে কোনো অবস্থানে থেকে আরো সহজে শিখন প্রক্রিয়ায় অংশগ্রহণ করতে পারেন।

সমরোতা স্মারক স্বাক্ষর অনুষ্ঠানে ফারইস্ট ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির উপাচার্য প্রফেসর ড. রফিক আহমদ, বাউবির উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. নাসিম বানু, উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মাহবুবা নাসরীন, ট্রেজারার মোন্টফা আজাদ কামাল, ফারইস্ট ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির ট্রেজারার ড. মোঃ মুঞ্জুর-ই-খোদা তরফদারসহ উভয় বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদের ডিন ও উর্ধ্বতন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

**বিডের্ন**

(ড. আ.ফ.ম. মেজবাহ উদ্দিন)

পরিচালক (ভারপ্রাপ্ত)